

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৫৪৪


তারিখ: ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”-এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) লিখিত পরীক্ষার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র জমাদান সংক্রান্ত অনুসরণীয় নির্দেশাবলী।

উর্ঘুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) গত ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৭৫ নং স্মারকে জারীকৃত বিজ্ঞাপনের আলোকে ০৮ ডিসেম্বর ২০২৩ তারিখে ১৮ জেলায় (রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, লালমনিরহাট, ঠাকুরগাঁও, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, ঝালকাঠি, বরগুনা, ভোলা, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার) গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বমোট ৯,৩৩৭ (নয় হাজার তিনশত সাঁইত্রিশ) জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে।

২। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদসহ পোষ্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ১০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আবশ্যিকভাবে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র সংগ্রহ করতে হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল সনদ ও প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি (সত্যায়িত) জমা প্রদানের সময় উক্ত কাগজপত্রের মূলকপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ১০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে উপরে উল্লিখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তাদের অনুকূলে মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করা হবে না।

৩। মৌখিক পরীক্ষার সময় উপরে বর্ণিত সকল সনদপত্র, প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রার্থীকে সঙ্গে আনতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে এবং তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd)-এ প্রকাশ করা হবে।



(মনীষ চাকমা)

পরিচালক (যুগ্ম-সচিব)

পলিসি ও অপারেশন বিভাগ

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই মেইল: dirpolicypde@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।
- ৪। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক (সকল), রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।
- ৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।